# এইচ এস সি পরীক্ষা ২০১৬ এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৭**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

**১.▶** এশিয়া মহাদেশের দক্ষিণ-পশ্চিমের একটি উপদ্বীপ। পৃথিবীর সর্ববৃহৎ এ উপদ্বীপ অঞ্চলটি একটি সময় ছিল অজ্ঞতা, বর্বরতা এবং কুসংস্কারে পরিপূর্ণ। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে এখানে প্রতিনিয়তই ভয়াবহ যুদ্ধ সংঘটিত হতো। ঠিক এমন সময় এখানে এমনই একজন মহাপুরুষ আবির্ভূত হন যিনি সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্য একটি শান্তিসংঘ প্রতিষ্ঠা করেন। তারই নিরলস প্রচেষ্টায় সকল প্রকার অন্যায়-অবিচারের অবসান হয়।

ক. কে সায়ফুল্লাহ উপাধিতে ভূষিত হন? ১

খ. হযরত আবু বকরকে কুরআনের রক্ষক বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'তারই নিরলস প্রচেষ্টায় সকল প্রকার অন্যায়-অবিচারের অবসান হয় এবং সমাজে শান্তি প্রতিষ্ঠিত হয়।' এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**২.▶** ইসলাম পূর্ব যুগে আরবের আর্থ-সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় কাঠামো যখন চরমভাবে বিপর্যস্ত তখন নৈতিক অধঃপতিত আরবে শান্তি প্রতিষ্ঠার জন্য মানব মুক্তির দূত হিসেবে একজন মহামানবের আবির্ভাব ঘটেছিল যিনি তমসাচ্ছন্ন মদিনায় বসবাসরত সকল জাতির জন্য একটি আন্তর্জাতিক সনদ প্রণয়ন করেন। এ মহামানবের মৃত্যুর পর তারই প্রতিনিধিরূপে মুসলিম রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করেন চারজন খলিফা।

ক. হিব্রু সভ্যতার পতন ঘটে কত খ্রিষ্টাব্দে? ১

খ. খলিফা মুয়াবিয়া কর্তৃক প্রতিষ্ঠিত ডাকবিভাগ সম্পর্কে লেখ। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতবহ মহামানব প্রদত্ত আন্তর্জাতিক সনদ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত মহামানবের মৃত্যুর পর তারই প্রতিনিধিরূপে মুসলিম রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করে চারজন খলিফা -- বিশ্লেষণ কর। ৪

**৩.▶** মহানবী হযরত মুহাম্মদ (স)-এর ওফাতের পরবর্তী মুসলিম রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করেছেন চারজন খলিফা। এর মধ্যে একজন খলিফা মহানবীর জীবদ্দশায় প্রায় প্রত্যেকটি যুদ্ধে অংশগ্রহণ করে অসীম বীরত্বের পরিচয় দেন। বদর যুদ্ধের বীরত্বের কারণে মহানবী তাকে তরবারি প্রদান করেন। যুদ্ধক্ষেত্রে তিনি দক্ষ হলেও রাজনৈতিক ক্ষেত্রে তিনি ছিলেন অদক্ষ। তাই তার মৃত্যুর পর উমাইয়া রাজবংশের প্রতিষ্ঠা ইসলামের ইতিহাসে গগনের তারার ন্যায় দীপ্তমান।

Teachingbd.com

ক. আবুল আব্বাস আস সাফফাহ কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন? ১

খ. শাসক হিসেবে খলিফা আবু জাফর আল মনসুরের চরিত্র ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে খলিফার ইঙ্গিত দেওয়া হয়েছে তার চরিত্র ও কৃতিত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফার মৃত্যুর পর উমাইয়া রাজবংশের প্রতিষ্ঠা ইসলামের ইতিহাসে গগনের তারার ন্যায় দীপ্তমান — বিশ্লেষণ কর। ৪

৪.▶ খুলাফায়ে রাশেদিনের চারজন খলিফাই গণতান্ত্রিক পদ্ধতিতে তাদের শাসনব্যবস্থা পরিচালিত করেছেন। সর্বশেষ খলিফার মৃত্যুর মধ্য দিয়ে অবসান হয় এ বংশের গণতান্ত্রিক পদ্ধতির শাসন। শুরু হয় নতুন একটি বংশের রাজতান্ত্রিক শাসন। তবে এ রাজতান্ত্রিক পদ্ধতির শাসন বেশিদিন টিকে থাকেনি। নানা বাধা বিপত্তির সম্মুখীন হয়ে আব্বাসি শক্তির নিকট এ বংশের পতন ত্বরান্বিত হয়।

ক. উহুদের যুদ্ধ কত খ্রিস্টাব্দে সংঘটিত হয়? ১

খ. ইসলামি জাতীয়তাবোধের উন্মেষে মহানবী (স) এর ভূমিকা বিশ্লেষণ কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সর্বশেষ খলিফার চরিত্র ও কৃতিত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. নানা বাধা বিপত্তির সম্মুখীন হয়ে আব্বাসি শক্তির নিকট এ বংশের পতন ত্বরান্বিত হয় — বিশ্লেষণ কর। ৪

৫.▶ মহানবী (স) এর ওফাতের মাত্র এক শতাব্দীর মধ্যে পৃথিবীর কয়েকটি মহাদেশে মুসলিম সাম্রাজ্যের বিস্তৃতি ঘটে। এরই ধারাবাহিকতায় ইউরোপের দক্ষিণে ভূমধ্যসাগর তীরবর্তী একটি দেশ মুসলমানদের পতাকাতলে আসে। উমাইয়া আমিরাত ও খিলাফত প্রতিষ্ঠার মধ্য দিয়ে তাদের শাসনব্যবস্থা চলতে থাকে। অন্য একটি খিলাফত পরিচিতি লাভ করেছিল নবীকন্যা হযরত ফাতেমা (রা) এর বংশধরদের নামে।

ক. খলিফা আল ওয়ালিদ কর্তৃক নির্মিত প্রাসাদের নাম কী? ১

খ. সেলজুক সুলতান আলপ আরসালানের পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে নবী কন্যার নামানুসারে কোন বংশের প্রতিষ্ঠা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বংশের প্রতিষ্ঠার ঘটনাবলি লেখ। ৪

৬.▶ ইসলামের ইতিহাসে একটি শাসনামলে জ্যোতিষশাস্ত্র চর্চার এক নতুন দিগন্তের সূচনা হয়। জ্যোতির্বিদ্যা গবেষণার জন্য খলিফা আল মামুন একটি মানমন্দিরও প্রতিষ্ঠা করেন। সিন্দ বিন আলী, খালিদ বিন আব্দুল মালিক এ সময়কার স্বনামধন্য জ্যোতির্বিদ ছিলেন। প্রাচীন সভ্যতার ইতিহাসেও জ্যোতির্বিজ্ঞানের বিকাশ ঘটেছিল।

ক. খলিফা মুয়াবিয়ার সময়ে যে ডাক বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছিল তার নাম কী? ১

Teachingbd.com

খ. উমাইয়া আমলে চিকিৎসা ও রসায়নশাস্ত্রের অবদান আলোচনা কর। ২

গ. উদ্দীপকে আলোচিত খিলাফতের সময়ে জ্যোতিষশাস্ত্রের চর্চার এক নতুন দিগন্তের সূচনা হয় — ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রাচীন সভ্যতার ইতিহাসেও জ্যোতির্বিজ্ঞানের বিকাশ ঘটেছিল — মূল্যায়ন কর। ৪

**৭.** ▶ আলি নগরের জমিদারগণ রাজনগরের কাছে পরাজিত হয়ে তাদের জমিদারি হারায়। রাজনগরের জমিদারগণ আলিনগর জমিদার বংশের উপর নৃশংস হত্যাযজ্ঞ চালায়। আলিনগর জমিদার বংশের এক ব্যক্তি ভাগ্যক্রমে জীবনরক্ষা করে দূরে মামার বাড়ি আশ্রয় নেয়। সেখানে নিজেকে সংগঠিত করে পার্শ্ববর্তী একটি জমিদারি দখল করেন।

ক. স্পেনে উমাইয়া শাসন প্রতিষ্ঠিত হয় কত সালে? ১

খ. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে বর্ণিত আলীনগর জমিদার বংশের সাথে স্পেনের কোন উমাইয়া শাসকের মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফার কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

**৮.** ▶ 'আজব দেশের ধন্য রাজা দেশ জোড়া তার নাম, বসলে বলে চলরে তোরা, চললে বলে থাম।' হাসিব বলল, বাস্তবে এর চেয়েও আজব রাজা ছিলেন। ফাতেমী বংশে এমন একজন উদ্ভুত শাসন সম্বন্ধে তথ্য পাওয়া যায়। সাকিব বলল, শেষ পর্যায়ের শাসকদের এমন অযোগ্যতার জন্যই ফাতেমীয়দের পতন ঘটে।

ক. কত খ্রিষ্টাব্দে ফাতেমী খিলাফত প্রতিষ্ঠিত হয়? ১

খ. ফাতেমীয় কারা? ২

গ. উদ্দীপকে কোন ফাতেমীয় শাসক সম্পর্কে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাতেমীয় বংশের 'অদ্ভুত শাসক' সম্বন্ধে হাসিবের কথার সাথে তুমি কী একমত? বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ সোমা ইতিহাসের ছাত্রী। সে একজন শাসকের কর্মকাণ্ড পড়ছিল। শাসন ক্ষমতা লাভের পর শাসক তার রাজত্বকে বিভিন্ন প্রদেশে ও জেলায় বিভক্ত করেন। তাতে দেশের প্রভূত উন্নতি হয়। ব্যবসা বাণিজ্যের অনেক অগ্রগতি হয়। ফলে জনগণ সুখে শান্তিতে বসবাস করতে থাকে।

ক. আল মুইজ কে ছিলেন? ১

খ. ফাতেমীয় কারা? ২

গ. উদ্দীপকের শাসকের সাথে কোন ফাতেমীয় খলিফার মিল লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাসকের শাসনব্যবস্থা মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৬ ৭

সময় : ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

---

১. আরবদের প্রধান কৃষিপণ্য কি?

ক ধান    খ খেজুর
গ গম    ঘ পাট

২. মিশরের সবচেয়ে বিখ্যাত পিরামিড কোনটি?

ক স্টেপ পিরামিড    খ খুফুর পিরামিড
গ একটন পিরামিড    ঘ স্ফিংকং পিরামিড

৩. হায়ারোগ্লিফিকস অর্থ কি?

ক অনুলিপি    খ প্রতিলিপি
গ পবিত্রলিপি    ঘ অপবিত্রলিপি

৪. সুমেরীয় সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

ক মিশর    খ ইরাক
গ ফ্রান্সে    ঘ আফ্রিকায়

৫. মিশরীয় লিখন পদ্ধতি কয় স্তরে বিকশিত হয়?

ক ২টি    খ ৩টি
গ ৪টি    ঘ ৫টি

৬. কোনটি আরবদের চেতনার উৎস ছিল?

ক গোত্রপ্রীতি    খ দর্ম
গ সংস্কৃতি    ঘ বাণিজ্য

৭. মদিনা সনদে কতটি ধারা ছিল?

ক ৪৭    খ ৪৯
গ ৪৫    ঘ ৫২

৮. পবিত্র কোরআনে খন্দরের যুদ্ধকে কি নামে উল্লেখ করা হয়?

ক জসরের যুদ্ধ    খ বরদ যুদ্ধ
গ আহযাবের যুদ্ধ    ঘ তাবুকের যুদ্ধ

৯. রিদ্দা শব্দের অর্থ কি?

ক স্বদেশ ত্যাগ    খ দল ত্যাগ
গ স্বজাতি ত্যাগ    ঘ ধর্ম ত্যাগ

১০. কে প্রথম ভন্ড নবী দাবি করেছিল?

ক সাজাহ    খ মুসায়লামা
গ আসওয়াদ আনাসি    ঘ তোলায়হা

১১. পুলিশ বাহিনী সর্বপ্রথম গঠন করেন কে?

ক আলী (রা.)    খ ওসমান (রা.)
গ আবু বকর (রা.)    ঘ ওমর (রা.)

১২. হযরত ওসমান (রা.) এর বিরুদ্ধে কি অভিযোগ আনা হয়েছিল?

ক স্বার্থপরতা    খ অযোগ্যতার
গ স্বজনপ্রীতি    ঘ অনিয়মের

১৩. সিফফিনের যুদ্ধ কত খ্রিষ্টাব্দে হয়?

ক ৬৫৫ খ্রিঃ    খ ৬৫৬ খ্রিঃ
গ ৬৫৯ খ্রিঃ    ঘ ৬৫৭ খ্রিঃ

১৪. মুয়াবিয়া নিজেকে খলিফা হিসেবে ঘোষণা করেন?

ক ৬৬১ খ্রিঃ    খ ৬৬৩ খ্রিঃ
গ ৬৬২ খ্রিঃ    ঘ ৬৬৪ খ্রিঃ

১৫. কত সালে কারবালার যুদ্ধ সংঘটিত হয়েছিল?

ক ৬৮৫ খ্রিঃ    খ ৬৮১ খ্রিঃ
গ ৬৮০ খ্রিঃ    ঘ ৬৮২ খ্রিঃ

১৬. আরবের তিন দিকে পানি থাকলেও অন্যদিকে—

i. পাহাড়
ii. মরুভূমি
iii. উপত্যকা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৭. হযরত আলী (রা.) ও মুয়াবিয়া (রা.) এর মধ্যে গৃহযুদ্ধের কারণ হলো—

i. ওসমান (রা.) হত্যার বিচার দাবি
ii. হযরত আয়েশার বিরোধিতা
iii. হাসেমী উমাইয়া দ্বন্দ্ব

নিচের কোনটি সঠিক?

ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

১৮. বাগদাদ নগরী প্রতিষ্ঠা করেন কে?

ক আবুল আব্বাস    খ আবু জাফর মানছুর
গ আল মাহদী    ঘ আল মামুন

১৯. হুদায়বিয়া সন্ধি স্বাক্ষরিত হয়—

ক ৬২৮ সালে    খ ৬২৮ সালে
গ ৬২৯ সালে    ঘ ৬৩০ সালে

২০. বায়তুল হিকমা শব্দের অর্থ কি?

ক জ্ঞানগৃহ    খ জ্ঞানবৃক্ষ
গ জ্ঞানসমুদ্র    ঘ জ্ঞানসংকলন

Teachingbd.com

২১. ক্রুসেড অর্থ কি?
ক) সংগ্রাম খ) সমস্যা
গ) গৃহযুদ্ধ ঘ) ধর্মযুদ্ধ

২২. আব্বাসীয় বংশ কত বছর স্থায়ী ছিল?
ক) ৩০০ বছর খ) ৪০০ বছর
গ) ৫০০ বছর ঘ) ৬০০ বছর

২৩. আবু বকর (রা.) ইসলামে কি হিসাবে পরিচিত?
ক) অগ্রদূত খ) ত্রাণকর্তা
গ) দানশীল ঘ) বিশ্বাসী

২৪. খন্দক যুদ্ধ কত খ্রিস্টাব্দে হয়েছিল?
ক) ৬৩০ খ্রিঃ খ) ৬২৭ খ্রিঃ
গ) ৬২৮ খ্রিঃ ঘ) ৬২৯ খ্রিঃ

২৫. ইসলামের ইতিহাসে প্রথম গৃহযুদ্ধ কোনটি?
ক) সিফফিনের যুদ্ধ খ) উস্ট্রের যুদ্ধ
গ) বদর ঘ) উহুদ

২৬. আস সাফফা শব্দের অর্থ কি?
ক) রক্তদাতা খ) খুনি
গ) মাতাল ঘ) রক্তপিপাসু

২৭. ইতিহাসের শ্রেষ্ঠ নির্মাতা বলা হয় কাদের?
ক) ব্যাবিলনীয়দের খ) মিশরীয়দের
গ) গ্রিকদের ঘ) রোমদের

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও।

কাঞ্চন সাহেব মেয়র নির্বাচিত হওয়ার পর তার স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব সরকারের কাছে জমা দেন এবং প্রাপ্ত সরকারী ভাতা দিয়েই সংসার নির্বাহ করেন।

২৮. উক্ত কাজের দ্বারা মেয়র সাহেব কোন খলিফার অনুসরণ করেছেন?
ক) মুয়াবিয়া খ) আব্দুল মালেক
গ) প্রথম ওয়ালিদ ঘ) দ্বিতীয় ওমর

২৯. উক্ত খলিফার কোন বৈশিষ্ট্যটি মেয়র সাহেবের কাজের প্রতিফলিত হয়?
ক) উদারতা খ) স্বচ্ছতা
গ) কল্যাণ কামিতা ঘ) নিঃস্বার্থতা

৩০. আল আজহার বিশ্ববিদ্যালয় সূচনালগ্নে কি ছিল?
ক) বিদ্যালয় খ) মাদ্রাসা
গ) মসজিদ ঘ) পাঠাগার

৩১. নগর রাষ্ট্র প্রথম প্রতিষ্ঠিত করেন?
ক) ব্যাবিলন খ) মিসর
গ) গ্রিস ঘ) রোম

৩২. 'দারুল হিকমা' কে প্রতিষ্ঠা করেন?
ক) আল হাকিম খ) আল মনসুর
গ) আল আজিজ ঘ) মুইজ

৩৩. 'পরামর্শ ছাড়া কোন খিলাফত চলতে পারে না'— কার কথা?
ক) আবু বকর (রা.) খ) আলী (রা.)
গ) ওসমান (রা.) ঘ) ওমর (রা.)

৩৪. হিজরী সাল গণনা শুরু হয়?
ক) ৬১০ খ্রিঃ খ) ৬১২ খ্রিঃ
গ) ৬২২ খ্রিঃ ঘ) ৬২৪ খ্রিঃ

৩৫. কুরাইশ শব্দের অর্থ কী?
ক) বংশ খ) আশরাদ
গ) আরব ঘ) সওদাগর

৩৬. মেসেপটেমিয়া শব্দের অর্থ কি?
ক) চারদিকে নদী দ্বারা বেষ্টিত
খ) নদীর তীরবর্তী
গ) নদীর মধ্যবর্তী
ঘ) দুই নদীর মধ্যবর্তী স্থান

৩৭. মজলিশ উস শূরা কখন বিলুপ্ত এয়?
ক) খোলাফায়ে রাশেদিনের সময়
খ) উমাইয়া খিলাফতের সময়
গ) আব্বাসী খিলাফতের সময়
ঘ) ফাতেমীয় খিলাফতের সময়

৩৮. ফাতেমীয় রাজবংশের প্রতিষ্ঠাতা কে?
ক) আল মনসুর
খ) আল ফাইম
গ) ওবায়দুল্লাহ আল মাহদী
ঘ) আল শিয়ী

৩৯. উমাইয়া খিলাফত কোথায় প্রতিষ্ঠিত হয়?
ক) দামেস্ক খ) কুফা
গ) মদিনা ঘ) বাগদাদ

৪০. মুসলিম আমলে স্পেন কি নামে পরিচিত ছিল?
ক) কর্ডোভা খ) নগর
গ) আন্দালুসিয়া ঘ) আলেকজান্দ্রিয়া

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com